

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম  
[www.a2i.gov.bd](http://www.a2i.gov.bd)

স্মারক নম্বর: ৫৬.৮৩.০০০০.০০০.৩১.০০১.২২-৯

তারিখ: ২৭ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ  
১১ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

**বিষয়: জাতীয় তথ্য বাতায়ন হালনাগাদ, জাতীয় তথ্য বাতায়নের ফিচার অবহিত করার লক্ষ্যে নতুন তৈরিকৃত ওয়েবসাইট সংশ্লিষ্ট অধিদপ্তর/ অন্যান্য দপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণের দিনব্যাপী অনলাইন প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে, বর্তমান সরকারের ঘোষিত ভিশন-২০৪১ বাস্তবায়নে সরকারের ডিজিটাল সেবাসমূহ জনগণের দোরগোড়ায় পৌঁছে দেওয়ার অন্যতম মাধ্যম হলো জাতীয় তথ্য বাতায়ন। ইতোমধ্যেই তীর প্রতিষ্ঠানের ওয়েবসাইটের কাঠামো তৈরি করে জাতীয় তথ্য বাতায়ন ফ্রেমওয়ার্কে সংযুক্ত করা হয়েছে। এখানে উল্লেখ্য, এটুআইএর ওয়েবসাইট ব্যবস্থাপনা নীতিমালা অনুযায়ী স্ব-স্ব প্রতিষ্ঠানের ওয়েবসাইট হালনাগাদ ও ব্যবস্থাপনা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের জনবল দ্বারা পরিচালিত হবে। ফলে তৈরিকৃত ওয়েবসাইটটি আরও গতিশীল, কার্যকর, কন্টেন্ট ডিজাইন ও ফিচার অবহিত করার লক্ষ্যে তার দপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণের জাতীয় তথ্য বাতায়ন বিষয়ক প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয়তা আবশ্যিকভাবে দেখা দিয়েছে।

০২। দিনব্যাপী অনলাইন প্রশিক্ষণ আগামী ১৪ সেপ্টেম্বর ২০২২ খ্রি তারিখ হতে সংযুক্ত তালিকা অনুযায়ী এটুআই কর্তৃক আয়োজন করা হবে। প্রশিক্ষণে অংশগ্রহণের পূর্বশর্ত হিসেবে অংশগ্রহণকারীগণকে প্রশিক্ষণে অংশগ্রহণের পূর্বে আবশ্যিকভাবে মুক্তপাঠের <http://www.muktopaath.gov.bd/course-details/> সাইটে রেজিস্ট্রেশন করে অনলাইনে জাতীয় তথ্য বাতায়ন বিষয়ক অনলাইন প্রশিক্ষণ সম্পন্ন করে সার্টিফিকেটের কপি সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো।

০৩। এমতাবস্থায়, জাতীয় তথ্য বাতায়ন বিষয়ক অনলাইন দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালায় মনোনীত কর্মকর্তা/কর্মচারীগণকে অংশগ্রহণের জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করার জন্য অনুরোধ করা হলো। (প্রয়োজনে মাসরুর মোহাম্মদ শান্ত, ন্যাশনাল কনসালটেন্ট, মোবাইল: +৮৮০১৭৩৭২৮৮৩২২, ইমেইল-[mashrur.shanto@a2i.gov.bd](mailto:mashrur.shanto@a2i.gov.bd) এর সাথে যোগাযোগ করা যাবে)। উল্লেখ্য যে, বর্ণিত তারিখের পূর্বে কর্মকর্তাগণের ই-মেইলে প্রশিক্ষণের সময়সূচি সহ জুম ও রেজিস্ট্রেশন লিংক প্রেরণ করা হবে। প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণকে বিধি মোতাবেক প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে।

সংযুক্তঃ তালিকা..... ফর্দ

.....  
.....  
.....

২০/৯/২২  
শ. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর  
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)  
ফোনঃ ৫৫০০৬৯৩১  
ইমেইলঃ [dewan.kabir@a2i.gov.bd](mailto:dewan.kabir@a2i.gov.bd)

স্মারক নম্বর: ৫৬.৮৩.০০০০.০০০.৩১.০০১.২২-

তারিখ: ২৭ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ  
১১ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

- ১। যুগ্ম প্রকল্প পরিচালকদ্বয়, এটুআই প্রোগ্রাম।
- ২। পলিসি এডভাইজর, এটুআই প্রোগ্রাম।
- ৩। মোঃ মাজেদুল ইসলাম, প্রজেক্ট ম্যানেজার, এটুআই প্রোগ্রাম।
- ৪। মিয়া মোহাম্মদ নাসের, হেড অফ অপারেশনস, এটুআই প্রোগ্রাম।

মোহাম্মদ শিমুজ্জামান  
উপসচিব ও

ন্যাশনাল পোর্টাল ইমপ্লিমেন্টেশন স্পেশালিস্ট  
এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম